



নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৬.২০১৮-৩৫৮

তারিখঃ

২২ জানুয়ারি ২০২০

২৫.০২.২০২০

আদেশ

যেহেতু, ডাঃ খন্দকার মাহমুদুর রহমান (৪৫৩২৮), সহকারী অধ্যাপক, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা গত ০৪.০৯.২০১৯ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'তসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ২৩.০৬.২০১৯ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৬.২০১৮-৩৬২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;


যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, গত ০৩.১২.২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়। ব্যক্তিগত শুনানিতে তার জবানবন্দীতে তিনি পারিবারিক প্রয়োজনে তার পক্ষে কর্মস্থলে উপস্থিত থেকে চাকরি চালিয়ে যাওয়া সম্ভব হচ্ছে না বিধায় অবসর গ্রহণের জন্য মতামত প্রকাশ করেন। তিনি ২৫/০১/২০২০ তারিখ সরকারি চাকরি হতে স্বেচ্ছায় অবসরের জন্য আবেদন করেন। তিনি গত ০৪/০৯/২০১৭ হতে ২৪/০১/২০২০ তারিখ পর্যন্ত মোট ২ বছর ৪ মাস ২১ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন। একজন প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা হিসেবে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকা তার সমীচীন হয়নি।

সেহেতু, ডাঃ খন্দকার মাহমুদুর রহমান (৪৫৩২৮), সহকারী অধ্যাপক, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানী সন্তোষজনক নয়। যেহেতু তিনি ২৫/০১/২০২০ তারিখে সরকারি চাকরি হতে স্বেচ্ছায় অবসরের জন্য আবেদন করেন। তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য বিবেচনায় চাকরি হতে স্বেচ্ছায় অবসর গ্রহণ করার কারণে তার গ ৫ ০৪/০৯/২০১৭ হতে ২৪/০১/২০২০ তারিখ পর্যন্ত মোট ২ বছর ৪ মাস ২১ দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতকালীন সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো এবং তিনি যদি পূর্বে বর্ণিত সময়ের বেতন ভাতাদি উত্তোলন করে থাকেন তাকে উক্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তার এ বিতর্কিত মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


  
(মোঃ আসাদুল ইসলাম)  
সচিব

তারিখঃ ২৫.০২.২০২০

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৬.২০১৮-৩৫৮/৩(২২)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৩। অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা।
- ৪। উপসচিব (পার-১ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। ডাঃ খন্দকার মাহমুদুর রহমান (৪৫৩২৮), সহকারী অধ্যাপক, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্তঃ ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা।
- ১১। অফিস কপি।

  
মোঃ আবদুছ সালাম  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
disc@hsd.gov.bd